

‘ছাত্রলীগ করোস’ বলেই ২ নেতাকে বেধড়ক মারধর

অনলাইন ডেস্ক

১৪ সেপ্টেম্বর ২০২৩, ০২:১৭ পিএম



ঢাকা কলেজ ছাত্রলীগের দুই নেতাকে বেধড়ক মারধরের ঘটনা ঘটেছে। গতকাল বুধবার দিবাগত রাত ৩টার দিকে কেন্দ্রীয় শহীদ মিনার এলাকায় এ ঘটনা ঘটে।

মারধরের শিকার দুই ছাত্রলীগ নেতা হলেন কাউসার হাসান কায়েস ও সাব্বির হোসাইন। তাদের সাব্বিরকে প্রাথমিক চিকিৎসা দিয়ে ছেড়ে দেওয়া হয়। তবে গুরুতর আহত কাউসারকে ঢাকা মেডিকেল থেকে একটি বেসরকারি হাসপাতালে পাঠানো হয়েছে।

কাউসারের মাথায় ও চোখে এবং সাব্বিরের মাথায়, ঘাড় ও হাতে জখমের চিহ্ন রয়েছে বলে হাসপাতাল সূত্রে জানা গেছে।

আহত ছাত্রলীগ নেতা কাউসার বলেন, ‘রাতে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের সামনের গেট দিয়ে বের হওয়ার সময় একটি মোটরসাইকেল আমাদের সামনে এসে দাঁড়ায়। আমাদের বাইকের সামনে এসে তারা বলে নেশা করেছিস নাকি। এ সময় তারা আমাদের গালমন্দ করতে থাকে।’

তিনি আরও বলেন, ‘এরপর আমরা সেখান থেকে চলে আসি। কিন্তু ক্যাম্পাসে (ঢাকা কলেজে) ফেরার পথে শহীদ মিনার এলাকায় পৌঁছানোর পর চারটি বাইক

আমাদের পথ গতিরোধ করে। বাইক থেকে নেমে পথ গতিরোধ করার কারণ জানতে চাইলে তারা আমাদের ফের গালমন্দ করতে থাকে। এ সময় 'কে তোরা? ঢাকা কলেজ ছাত্রলীগ করোস, তাই না?' বলে আমাদের ওপর হামলা চালায়। পরে শহীদ মিনার এলাকায় কর্তব্যরত পুলিশ এগিয়ে আসলে হামলাকারীরা পালিয়ে যায়।'

এদিকে ঘটনার পরপরই ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ছুটে আসেন ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান। তিনি বলেন, 'মূলত, ঢাকা মেডিকেল মোড়ে চা পান করার সময় এই হামলার ঘটনা ঘটেছে। আহত দুজন বেশ জখম হয়েছেন। সঙ্গে সঙ্গে তাদের চিকিৎসার ব্যবস্থা করেছি।'

কারা হামলা করেছে জানতে চাইলে ইনান বলেন, বিষয়টি প্রাথমিকভাবে বলতে পারছি না। এটি সকালে (আজ) খতিয়ে দেখব। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকেও অবগত করব যেন হামলাকারীদের খুঁজে বের করে আইনের আওতায় আনা হয়। কারা ঢাকা কলেজ ছাত্রলীগের ওপর হামলা করেছে এ বিষয়ে শেখ ওয়ালী আসিফ ইনান বলেন, বিষয়টি আমরা প্রাথমিকভাবে বলতে পারছি না। বিষয়টি খতিয়ে দেখব। একইসঙ্গে ছাত্রলীগের কেউ জড়িত থাকলে তার বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে।

[শিক্ষা](#) থেকে আরও পড়ুন